**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের সার্বিক বিকাশে সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করার উপর রাজ্য সরকার অগ্রাধিকার দিয়েছে ।**

**(২) পিএম কুসুম প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যে ৩৭৪৯ জন কৃষককে সেচের জন্য সোলার পাম্প প্রদান করা হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে তাঁর সরকার দরিদ্র মানুষের কল্যাণের জন্য একাধিক পদক্ষেপ নিয়েছে, যার ফলে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে মুক্তি পেয়েছেন ।**

**(৪) কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতায় টাকারজলা স্কুল চ্যাম্পিয়ন হয়েছে ।**

****************************************

**State Level Conference-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের সার্বিক বিকাশে সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করার উপর রাজ্য সরকার অগ্রাধিকার দিয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে 'সমবায়ের প্রচার ও উন্নয়ন' বিষয়ক রাজ্যন্তরীয় সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। উল্লেখ্য, আন্তর্জাতিক সমবায় বর্ষ-২০২৫ উপলক্ষ্যে ন্যাশনাল কো-অপারেটিভ ইউনিয়ন অব ইন্ডিয়া, রাজ্য সমবায় দপ্তর ও সমবায় ইউনিয়নের যৌথ উদ্যোগে এই সম্মেলনের আয়োজন করা হয়।

মুখ্যমন্ত্রী বলেন, সমবায় সপ্তাহ উদযাপনের মুখ্য উদ্দেশ্য হচ্ছে সাধারণ মানুষের মধ্যে সমবায় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা ও সমবায়ের প্রগতির সঙ্গে বেশি সংখ্যক মানুষকে যুক্ত করা। এ ধরণের সম্মেলন ভবিষ্যৎ পরিকল্পনার মাধ্যমে আগামীদিনের দিশা-নির্দেশিকা ও রূপরেখা তৈরি করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা নেবে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে সমবায় সমিতিগুলির পরিকাঠামো উন্নয়ন ও সমবায়ের সাথে জড়িতদের আর্থসামাজিক মানোন্নয়নে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। এরমধ্যে উল্লেখযোগ্য উদ্যোগগুলি হলো কম্পিউটারাইজেশনের মাধ্যমে প্যাক্সগুলির শক্তিশালীকরণ, প্যাক্সগুলিকে বহুমুখীকরণের জন্য মডেল বিধি তৈরি করা। তাছাড়া প্যাক্সের মাধ্যমে ই-পরিষেবা আরও সুচারুভাবে প্রদানের জন্য সিএসসি চালু করা, এফপিও গঠন, এলপিজি ডিস্ট্রিবিউটারশিপ এবং নতুন পেট্রোল ও ডিজেল পাম্পের ডিলারশিপের জন্য ল্যাম্পস / প্যাক্সকে অনুমতি প্রদান ও প্যাক্সগুলিকে প্রধানমন্ত্রী কিষাণ সমৃদ্ধি কেন্দ্র হিসেবে উন্নতিকরনেরও উদ্যোগ নেওয়া হয়েছে।

তিনি বলেন, বর্তমানে রাজ্যে প্রায় ৪,৩০৫টি বিভিন্ন পেশাভিত্তিক সমবায় সমিতি রয়েছে। রাজ্যে মোট জনসংখ্যার প্রায় ৯ লক্ষেরও বেশি মানুষ বিভিন্ন সমবায় সমিতির কর্মকান্ডের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত রয়েছেন।

######Byte-CM#####

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, ন্যাশনাল কো-অপারেটিভ ইউনিয়ন অব ইন্ডিয়ার সভাপতি দিলীপ সাঙ্গানি, ন্যাশনাল কো-অপারেটিভ ইউনিয়ন অব ইন্ডিয়ার চিফ এক্সিকিউটিভ ড: সুধীর মহাজন।

******************************

**PM Kusum :**

প্রধানমন্ত্রী কিষান উর্জ্জা সুরক্ষা ও উত্থান মহা অভিযান অর্থাৎ পিএম কুসুম প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যে ৩৭৪৯ জন কৃষককে সেচের জন্য সোলার পাম্প প্রদান করা হয়েছে। পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থার যুগ্ম অধিকর্তা দেবব্রত শুক্ল দাস আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানান। তিনি জানান, রাজ্যে এই প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে রয়েছে পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা। রাজ্যে এই প্রকল্পের লক্ষ্য হচ্ছে ২০২৬ সালের মধ্যে রাজ্যের দশ হাজার ৮৯৫ জন কৃষককে সেচের জন্য এক, দুই, ও তিন অশ্ব ক্ষমতা সম্পন্ন সৌর চালিত পাম্প প্রদান করা। এই প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে নিশ্চিত জল সেচ, দ্বিগুণ ফসল ও দ্বিগুণ আয়। এই প্রকল্পে একজন কৃষকের ক্ষেত্রে জলের উৎস তৈরি করা থেকে শুরু করে পাম্প বাবদ প্রায় তিন লক্ষ টাকা ব্যয় হচ্ছে। এর মধ্যে কৃষককে দিতে হচ্ছে মাত্র ১৫ হাজার টাকা।

######Byte-Debabrata Shukla Das#######

******************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু গতকাল অমরপুরের সরবং-এ শান্তিধারে শ্রী শ্রী শান্তিকালী এস টি গার্লস হোস্টেলের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, এই গার্লস হোস্টেলটি হচ্ছে মেয়েদের জন্য সমান শিক্ষার সুযোগ করে দেওয়ার মহতী প্রচেষ্টার এক উদাহরণ। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, এই হোস্টেল গড়ে ওঠায় অনেক দরিদ্র, অনাথ ও প্রত্যন্ত এলাকার ছেলেমেয়েরা পড়াশুনা করার সুযোগ পাবে। বক্তব্য রাখেন বিধায়ক পাঠানলাল জমাতিয়া, শ্রী শ্রী শান্তিকালী শান্তিধামের গয়ামনি মহারাজ, পদ্মশ্রী স্বামী চিত্ত মহারাজ। উদ্বোধনের পর রাজ্যপাল হোস্টেলটি ঘুরে দেখেন এবং শান্তিকালী মন্দিরে যজ্ঞ আহুতি অনুষ্ঠানেও অংশ নেন।

****************************

**Home Minister Offer :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল ভার্চুয়ালভাবে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে নিয়োগপত্র বিতরণ করবেন। অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরে ফার্মাসিস্ট, ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাস্কিং স্টাফ পদে মনোনীত প্রার্থীদের মধ্যে নিয়োগপত্র বিতরণ করা হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও মন্ত্রীসভার সদস্যগন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***********************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে তাঁর সরকার দরিদ্র মানুষের কল্যাণের জন্য একাধিক পদক্ষেপ নিয়েছে, যার ফলে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে মুক্তি পেয়েছেন। তিনি বলেন যে

এটি কেবল এই সরকারের প্রতিশ্রুতি, নিষ্ঠা এবং কঠোর পরিশ্রমের কারণেই সম্ভব হয়েছে। প্রধানমন্ত্রী আজ লোকসভায় সংসদের যৌথ কক্ষে রাষ্ট্রপতির ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনার জবাব দিচ্ছিলেন।

রাষ্ট্রপতির ভাষণের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, এটি অনুপ্রেরণাদায়ক এবং বিকশিত ভারত কর্মসূচির জন্য সরকারের প্রচেষ্টাকে আরও শক্তিশালী করেছে।

######Byte-PM Vikshit#####

প্রধানমন্ত্রী বলেন, দরিদ্র জনগোষ্ঠীর জন্য চার কোটি ঘর তৈরি করা হয়েছে এবং সারা দেশে ১২ কোটি শৌচাগার তৈরি করা হয়েছে, যা কোটি কোটি মানুষের, বিশেষ করে মহিলাদের জীবনকে সহজ করেছে। তিনি আরও বলেন, জল জীবন মিশনের আওতায় দরিদ্র জনগোষ্ঠীকে ১২ কোটিরও বেশি নলের জলের সংযোগ প্রদান করা হয়েছে, যা জলবাহিত রোগের বিস্তার উল্লেখযোগ্যভাবে হ্রাস করেছে।

তিনি বলেন, তাঁর আমলে মূলধন ব্যয়ের জন্য বাজেট বরাদ্দ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে এবং তা ১১ লক্ষ ২১ হাজার কোটি টাকারও বেশি উন্নীত করা হয়েছে। তিনি বলেন, সরকার প্রশাসনে স্বচ্ছতা এনেছে যার ফলে কোটি কোটি টাকা সাশ্রয় হয়েছে। তিনি বলেন, সুবিধাভোগীদের চিহ্নিত করার মাধ্যমে তিন লক্ষ কোটি টাকা সাশ্রয় হয়েছে।

#######Byte-PM######

তিনি বলেন, সম্প্রতি সরকার ১২ লক্ষ টাকা পর্যন্ত আয়কর ছাড় ঘোষণা করেছে, যা মধ্যবিত্ত শ্রেণীর আর্থিক অবস্থা শক্তিশালী করার দিকে একটি বড় পদক্ষেপ। প্রধানমন্ত্রী বলেন যে তার সরকার দেশের যুবকদের জন্য কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করেছে।

****************************

**Delhi Election :**

আগামীকাল ৭০ সদস্যের দিল্লি বিধানসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। এক কোটি ৫৬ লক্ষেরও বেশি ভোটার ৬৯৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। আগামী শনিবার ভোট গণনা হবে। বিধানসভা নির্বাচনের জন্য নির্বাচন কমিশন ১ লক্ষ আশি হাজারের বেশি কর্মী মোতায়েন করেছে।

**************************

**Mahakumbh :**

এবার মহাকুম্ভের খবর

#####Sound-Byte#####

ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক আজ প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নান করেন। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও আজ পবিত্র স্নান করেছেন। রাজা অক্ষয়বট এবং বড়ে হনুমান মন্দির পরিদর্শন করেন। এদিকে সরকারি সূত্রে জানা গেছে এপর্যন্ত মহাকুম্ভে ৩৮ কোটিরও বেশি মানুষ পূণ্যস্নান করেছেন।

#####Sound-Byte#####

****************************

**ADC Press Meet :**

এডিসির মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া আজ খুমুলুং-এ এক সাংবাদিক সম্মেলনে জানান, আগামী তিন মাসের মধ্যে তিপ্রা হাম হাউস স্কীম এর মাধ্যমে ২০০ জন সুবিধাভোগীকে একটি করে বাড়ী নির্মাণ করে দেওয়া হবে। এডিসি প্রশাসনের পক্ষ থেকে টি.সি.এস, টি.জি.এস, টি.পি.এস, টি.পি.এস.সি-তে তিপ্রাসা পরিক্ষার্থীদের এককালীন ১ লক্ষ টাকা করে এবং আই.এ.এস, আই.পি.এস, আই.আর.এস, ইউ.পি.এস.সি

ক্ষেত্রে তিপ্রাসা পরিক্ষার্থীদের ২ লক্ষ ৫০ হাজার টাকা করে আর্থিক অনুদান দেওয়া হবে। তিনি জানান, এডিসি এলাকার বসবাসকারীদের মধ্যে যাদের বাস্তুভিটার কাগজ করা হয়নি তাদের জোন্যাল, সাব-জোন্যালের মাধ্যমে খাস জায়গার কাগজ পত্র করে দেওয়া হবে। তিনি আরও জানান, এডিসি প্রশাসন চর্তুদশ দেবতা মন্দিরের চন্তাইদের এখন থেকে প্রত্যেক মাসে ৫ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

************************

**CPIM :**

সিপিআইএম সদর মহকুমা কমিটির উদ্যোগে আজ আগরতলা শহরে একটি বিক্ষোভ মিছিল সংঘটিত করা হয়। এরপর প্যারাডাইস চৌমুহনীতে এক সভায় বক্তব্য রাখতে গিয়ে সিপিআইএম সদর মহকুমা সম্পাদক অমল চক্রবর্তী কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করেন। তিনি অভিযোগ করেন এবারের কেন্দ্রীয় বাজেটে ত্রিপুরাকে অগ্রাধিকার দেওয়া হয়নি।

*************************************

**Kajal Smriti Football :**

কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতায় টাকারজলা স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের ফাইনাল খেলায় টাকারজলা স্কুল ৩-০ গোলে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে পরাজিত করে। বিজয়ী দলের ইয়াফের জমাতিয়া হ্যাটট্রিক করে। ফলে ইয়াফের ফাইন্যালের সেরা ফুটবলারের সাথে টপ স্কোরারের সম্মান পায়।

**************************

**National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের  ষষ্ঠ দিনে শেষ খবর পর্যন্ত মোট ১৬৯টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ২৮টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তালিকার শীর্ষে উঠে এসেছে। ২১টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড দ্বিতীয় স্থানে এবং ১৬টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

****************************